




বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং : ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২০.১৮-৯৪

তারিখঃ ০৭/০৮/২০১৮ খ্রি:

বিষয়ঃ কর্মসূচির জনবল হ্রাসকরণের লক্ষ্যে অর্থ আত্মসাতকারী, অপ্রয়োজনীয় ও অদক্ষ জনবল চিহ্নিতকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের বিদ্যমান জনবলের মধ্যে ৩১৯জন কর্মকর্তা-কর্মচারীকে সাময়িকভাবে কর্মসূচির কার্যক্রম পরিচালনার স্বার্থে স্থানান্তর করা হয়েছে; কিন্তু কর্মসূচির কার্যক্রম টেকসই করার লক্ষ্যে স্থানান্তরিত জনবলের ১০%-১৫% অপ্রয়োজনীয় ও অদক্ষ জনবল হ্রাসের উদ্যোগ নেয়া হচ্ছে। সে আলোকে প্রকল্প দপ্তর কর্তৃক এমআইএস সফটওয়্যারের আলোকে স্থানান্তরিত জনবলের মাস ভিত্তিক কর্ম মূল্যায়নপূর্বক অপ্রয়োজনীয় ও অদক্ষ জনবল চিহ্নিতকরণ করা হবে। তাই উপজেলায় কর্মরত জনবলের নভেম্বর/১৮ পর্যন্ত কার্যক্রম যৌক্তিকভাবে মূল্যায়নপূর্বক অর্থ আত্মসাতকারী, অপ্রয়োজনীয় ও অদক্ষ জনবল চিহ্নিতকরণ করে প্রকল্প/কর্মসূচি থেকে অব্যাহতি/ছাঁটাই/বাদ দেয়া হবে। এ বিষয়ে কর্মসূচিতে কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারীকে সতর্ক থেকে নিজ নিজ দায়িত্ব সঠিকভাবে পালন করার জন্য বলা হলো। উল্লেখ্য, বর্তমানে স্থানান্তরিত জনবলের মধ্যে অর্থ আত্মসাতকারী কর্মকর্তা-কর্মচারীর তথ্য উৎঘাটন করা হচ্ছে এবং তথ্য পাওয়া মাত্রই কোন কারণ দর্শানো ব্যতিরেকে সরাসরি কর্মসূচি থেকে ছাঁটাই করা হবে।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।

স্মারক নং : ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২০.১৮-৯৪


তারিখঃ ০৭/০৮/২০১৮ খ্রি:

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ -----।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ ----- জেলাঃ -----।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ ----- জেলাঃ -----।
৫. হিসাব সহকারী, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ ----- জেলাঃ -----।
৬. মাঠ সংগঠক, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ ----- জেলাঃ -----।
৭. অফিস কপি/ব্যক্তিগত নথি।

সদয় অবগতির জন্য :

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।


মোহাম্মদ আতিকুর রহমান
উপ প্রকল্প পরিচালক
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।